

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
মেহেরপুর-৭১০০।



ফোন নং-০৭৯১-৬২৪১১, ৬২২৫৮, ই-মেইল: gmpbs@gmail.com, Web: http://:pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৩. ২৬৬০

তারিখ: ২৮ মার্চ ২০২৩ খ্রি:  
১৪ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়ঃ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন বীমা করণের নিমিত্তে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে পুনঃ দরপত্র আহবান প্রসঙ্গে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাপবিবো কেন্দ্রীয় পণ্যাগার, শিরোমনি, খুলনা হতে ৩ ফেজ ৩৩/১১ কেভি ১০ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করতে হবে। নিম্নে বর্ণিত পাওয়ার ট্রান্সফরমারটির পরিবহন ঝুঁকি বীমা করণের নিমিত্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত সরকারি/বেসরকারি বীমা কোম্পানির নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

আইটেম নং	বিবরণ	পরিবহন রুট	মোট কিঃমিঃ	মূল্য	উদ্ধৃতমূল্য	
					একক দর	মোট দর
৩৩/১১ কেভি ১০ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার	1.Name of company :- TS Transformer Ltd. 2.Total Weight :- 25 Ton 3.Width :- 6'6" 4.Length :- 13 Feet 5.Hight :- 10 Feet 6.Rated Mva :-10/14(3-Phase) 7.Serial No :- 20 8. Year Of Manufacture:-2022	বাপবিবো কেন্দ্রীয় পণ্যাগার শিরোমনি খুলনা হতে লোডিং ও মেহেরপুর-১ উপকেন্দ্রে আনলোডিং (প্যাডে স্থাপন) কাজ করতে হবে।	১৬৫ কিঃমিঃ (সড়কপথে)	-/৪৮'৮৭'২০'১০		
মোট=						


দরপত্র নং-২৯/২০২২-২০২৩

শর্তাবলীঃ-

- ০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইট <http://www.pbs.meherpur.gov.bd> এ দেখতে পারবেন।
- ০২। দরপত্র আগামী ০৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে অত্র সমিতির সদর দপ্তর, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। উল্লেখ্য, উক্ত সময়ের পর কোন দরপত্র পৌঁছালে তাহা গ্রহণযোগ্য হবে না। খামের উপরে “১০ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন বীমা” কথাটি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্রসমূহ একই দিনে অর্থাৎ ০৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকায় মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ উপস্থিত দরদাতা গণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৪। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে সীল গালা ব্যবহার পূর্বক দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ, ভ্যাট প্রত্যয়নপত্র এর সত্যায়িত কপি সহ প্রয়োজনীয় কাগজ পত্র সংযুক্ত করতে হবে।
- ০৫। দরপত্রে সর্বশেষ বৎসরের ইপিএসি এনইভি উল্লেখ করতে পারবেন। বীমার ধরণ হবে কম্প্রিহেনসিভ (সকল ঝুঁকি বীমা)।
- ০৬। বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার পরিবহন এবং লোডিং ও আনলোডিং সহ প্যাডে স্থাপন পর্যন্ত সকল প্রকার বীমা ঝুঁকি গ্রহণ করতে হবে। পরিবহনকালে কোন দুর্ঘটনা বা ক্ষয়ক্ষতি হলে বীমাকারী প্রতিষ্ঠান ঝুঁকি গ্রহণ করবেন এবং সকল প্রকার ক্ষয়ক্ষতির বীমা দাবি পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ০৭। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান কে কার্য সম্পাদনের পূর্বে ৩০০ (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ০৮। সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ উল্লেখিত সময়ের মধ্যে বীমা প্রিমিয়ামের চেক প্রেরণ পূর্বক ট্রানজিট বীমার প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ০৯। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


(পাতা-০২)

- ১০। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মোহাম্মদ আবু রায়হান)  
জেনারেল ম্যানেজার

অনুলিপি :-সদয় অবগতির জন্য

- ০১। পরিচালক, পবিসমনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, মেহেরপুর।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪।
- ০৭। ডিজিএম, (কারিগরী-সদর)/ আলমডাঙ্গা/চুয়াডাঙ্গা/গাংনী/জীবননগর জোনাল অফিস, মেপবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ), মেপবিস।
- ১০। এজিএম(আইটি), ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।
- ১১। নোটিশবোর্ড/অফিসকপি/মাষ্টারকপি।

  
(মোঃ হাফিজুর রহমান)  
এজিএম (প্রশাসন)